Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 28 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শিক্ষার্থীদের মধ্যে দ্রুত ছড়িয়ে পড়ছে এক ধরনের ছোঁয়াচে চর্মরোগ, স্ক্যাবিস।আবাসিক হল ও মেসে থাকা শিক্ষার্থীরাই এ রোগে সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছেন।

গতকাল রবিবার (২৭ এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের চর্মরোগ বিশেষজ্ঞ ডা. মাশিহুল আলম হোসাইন। তিনি বলেন, শত শত চর্ম রোগের মধ্যে সবচেয়ে ছোঁয়াচে হচ্ছে স্ক্যাবিস।গত বৃহস্পতিবার রোগী দেখার সময় একের পর এক স্ক্যাবিস আক্রান্ত শিক্ষার্থী আসতে থাকে।

রোগটির লক্ষণ সম্পর্কে তিনি জানান, আঙুলের ফাঁক, কব্জির সামনে, বগল ও নাভির আশেপাশে ছোট ছোট ফুসকুড়ি দেখা দেয় এবং বিশেষ করে রাতে চুলকানির মাত্রা বেড়ে যায়। ক্লোজ কন্টাক্টে থাকা ব্যক্তিদের মধ্যে এটি দ্রুত ছড়িয়ে পড়ে।

রোগীদের সতর্ক করে ডা. মাশিহুল আলম বলেন, রাবি চিকিৎসা কেন্দ্রে যারা অপেক্ষমাণ থাকবেন, তারা অনুগ্রহ করে দূরত্ব বজায় রেখে বসুন।তা না হলে পাশের রোগীর মাধ্যমে রোগ ছড়িয়ে যেতে পারে।

চিকিৎসাকেন্দ্রে স্ক্যাবিসের ওষুধের সংকট ছিল জানিয়ে তিনি বলেন, চিকিৎসাকেন্দ্রে রোগটির কোনো ওষুধ ছিল না।তাই দ্রুত প্রধান চিকিৎসক ডা. মাফরুহা সিদ্দিকা লীপির কাছে জরুরি ভিত্তিতে ওষুধ সরবরাহের অনুরোধ জানানো হয়।

তিনি আরও জানান, প্রধান চিকিৎসক দেরি না করে শুক্রবার ও শনিবার ছুটির দিনে ব্যবস্থা নেন এবং ওষুধগুলো ফার্মাসিস্ট মোস্তাকের কাছে হস্তান্তর করেন। এখন থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে স্ক্যাবিস রোগের চিকিৎসা ও প্রয়োজনীয় ওষুধ মিলবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় আবাসিক হল শিক্ষার্থী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:50

URL: https://www.timestodaybd.com/campus/1550474376